গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.wewb.gov.bd

**বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের "জুলাই ২০২৩" মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
স্থান : সম্মেলন কক্ষ (অমর একুশে), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
তারিখ ও সময় : ২৯ আগস্ট , ২০২৩, বেলা- ১১.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি অবলোকন করা হয় এবং নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | আংশিক পরিশোধিত নথি নিষ্পন্নকরণ সংক্রান্ত। | আর্থিক অনুদানের আংশিক পরিশোধিত নথি এবং পারিবারিক দ্বন্দ্বের কারণে যেসব নথির আর্থিক অনুদান দীর্ঘদিন যাবৎ অনিষ্পন্ন রয়েছে সেসকল নথিগুলোর বিষয়ে জুন, ২০২৩ সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>আলোচনায় ০৬ মাসের উর্দ্ধে রয়েছে এ ধরনের অনিষ্পন্ন/আংশিক পরিশোধিত নথিসমূহ মহাপরিচালকের অনুমোদনক্রমে স্থগিত করে তালিকাভুক্ত করে স্টোরের নির্ধারিত স্থানে সংরক্ষণের বিষয়ে সভায় আলোচিত হয়। সংশ্লিষ্ট সেকশনে এ সকল স্থগিত নথিসমূহ পৃথক রেজিস্টার সংরক্ষণ করতে হবে এবং ERP তে এ সংক্রান্ত পৃথক মেন্যু রাখার সিস্টেম রাখতে হবে। এছাড়াও সংশ্লিষ্ট পরিচালক, পরিচালক (কল্যাণ), সার্ভার সংশ্লিষ্ট এবং সেকশন কর্মকর্তাদের নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজনের বিষয়েও আলোচনা হয়। সভায় বোর্ডের কার্যক্রমের গতিশীলতার স্বার্থে উপরিল্লিখিত বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যাদি পালনের বিষয়ে নির্দেশনা দেয়া হয়। এছাড়াও প্রয়োজন অনুযায়ী স্থগিতকৃত নথিসমূহ পুনরুজ্জীবিতপূর্বক নিষ্পত্তি করা হবে মর্মে সভায় মত দেয়া হয়। | ১০ (দশ) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন প্রেরণ/তথ্যাদি প্রেরণের সর্বশেষ তাগিদ দিয়ে অনিষ্পন্ন/ আংশিক পরিশোধিত নথিসমূহ (০৬ মাসের উর্দ্ধে) মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে স্থগিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উক্ত নথিসমূহ তালিকাভুক্ত করে স্টোরে প্রেরণ করবে এবং স্টোরে সংরক্ষণ করা হবে। ERP সিস্টেমে এ সংক্রান্ত পৃথক মেন্যু রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত পরিচালক (অর্থ ও কল্যাণ) সংশ্লিষ্টদের নিয়ে একটি সভার আয়োজন করবেন। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২. | তথ্য ও জনসংযোগ শাখায় তথ্য প্রদান সংক্রান্ত। | বোর্ডের বিভিন্ন শাখা হতে তথ্য সংগ্রহপূর্বক তথ্য ও জনসংযোগ শাখা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়। অনেক সময় তথ্য প্রাপ্তিতে বিলম্ব হলে মন্ত্রণালয়ের চাহিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ সম্ভব হয় না। এ জটিলতা নিরসনে চাহিত তথ্যাদি সংশ্লিষ্টদের স্বাক্ষর সম্বলিত তথ্য ও জনসংযোগ শাখায় সময়মত প্রেরণের বিষয়ে গত সভায় সিদ্ধান্ত হয়। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কার্যত কোনো অগ্রগতি না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তথ্য ও জনসংযোগ শাখা হতে প্রস্তুতকৃত ছক মোতাবেক চাহিত তথ্যাদি সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর সম্বলিত তথ্য ও জনসংযোগ শাখায় অবশ্যই প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের চাহিদাকৃত তথ্যাদি যেন দ্রুততার সাথে প্রেরণ করা সম্ভব হয় সে বিষয়ে প্রত্যেককে নিশ্চিত করতে হবে এবং আগামী সমন্বয় সভায় তথ্য প্রদানে সংশ্লিষ্ট সকলের Performance তুলে ধরা হবে। | তথ্য ও জনসংযোগ শাখা হতে চাহিত তথ্যাদি নির্ধারিত ছকে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষরসহ স তথ্য ও জনসংযোগ শাখায় প্রেরণ করতে হবে। মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী তথ্যাদি দ্রুততার সাথে প্রেরণ নিশ্চিত করতে হবে। আগামী সমন্বয় সভায় তথ্য প্রদানকারী সংশ্লিষ্ট সকলের Performance তুলে ধরা হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

''সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ''

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৩. | RAISE প্রকল্পের কার্যক্রমের অগ্রগতির বিষয়ে অবহিতকরণ। | সভাপতি RAISE প্রকল্পের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে উপস্থাপন করেন। সম্প্রতি পাবনা জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত RAISE Project এর কার্যক্রম সম্পর্কে তিনি সন্তোষ প্রকাশ করেন। তিনি আরো জানান, বর্তমানে এ প্রজেক্টের কার্যক্রম সম্পাদনের জন্য রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট একটি Software তৈরির কাজ প্রায় শেষ পর্যায়ে।<br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন RAISE Project এর অধীন ৩০ জেলায় পদায়নকৃত ১৫ জন কর্মকর্তার নেতৃত্বে চলমান কার্যক্রমসমূহ দৃশ্যমান করতে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | RAISE প্রকল্প কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভা অবহিত হয়। | প্রকল্প পরিচালক |
| ৪. | ডায়াসপোরা প্রকল্পের অগ্রগতির বিষয়ে অবহিতকরণ। | সহকারী প্রকল্প পরিচালক অবহিত করেন যে, এ প্রকল্পের অচলাবস্থা নিষ্পত্তির লক্ষ্যে IFAD এর সাথে যোগাযোগ করে প্রকল্পের APP, AWPB, ToR ও EOI ৪ বার NOTUS Software এ দাখিল করা হয়।<br>No Objection না পাওয়ায় IFAD এর সাথে ৩০ আগস্ট ২০২৩ তারিখে Online Zoom Cloud Meeting করা হয়। উক্ত মিটিং এ IFAD এর প্রার্তানাধি জানান, পূর্বে যে সকল ডকুমেন্ট "NOTUS Software" দাখিল করা হয়েছে তা এখন "OPEN Software" এ দাখিল করতে হবে। সেপ্রেক্ষিতে ইফাদ থেকে প্রেরিত ছক অনুযায়ী পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এবং সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তার তথ্যাদি পুরণ করে IFAD বরাবর প্রেরণ করা হয়। IFAD থেকে User Name & Password প্রাপ্তির পর পুনরায় APP, AWPB, ToR ও EOI নতুন "OPEN Software" এ দ্রুত দাখিল করা হবে। | ডায়াসপোরা প্রকল্পের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সভা অবহিত হয়। | প্রকল্প পরিচালক |
| ৫. | নতুন কর্মবন্টন অনুসারে সেকশনভিত্তিক কাজের গতি বৃদ্ধি সংক্রান্ত। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants" শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ে জেলা ওয়েলফেয়ার সেন্টার কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন জেলায় ১৫ জন কর্মকর্তার পদায়ন হয়। সেপ্রেক্ষিতে সেকশনভিত্তিক এবং দেশ অনুযায়ী নতুনভাবে কর্মবন্টন করা হয়। তাই বোর্ডের চলমান কার্যক্রমে কিছুটা শিথিলতা তৈরি হওয়ায় কার্যক্রমের গতিশীলতা অব্যাহত রাখার স্বার্থে সেকশনভিত্তিক কার্যক্রমের গতি বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় বন্টনকৃত নতুন দায়িত্ব অনুযায়ী কাজের নিষ্পত্তির বিষয়ে নিশ্চিত হতে হবে। এছাড়াও বন্টনকৃত সেকশনভিত্তিক কার্যক্রমের অগ্রগতি বৃদ্ধির বিষয়টি আগামী সমন্বয় সভায় তুলে ধরতে হবে। | নতুন কর্মবন্টন অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে নথি নিষ্পত্তির পরিমাণ আরো বৃদ্ধি করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৬. | বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের বিদায় অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত। | সম্প্রতি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কয়েকজন কর্মকতা-কর্মচারী অবসরে গিয়েছেন। তাঁরা দীর্ঘদিন বোর্ডের সাথে সম্পৃক্ত থেকে অর্পিত দায়িত্ব নিষ্ঠা ও সততার সাথে পালন করেছেন। তাঁদের সম্মানার্থে বোর্ড হতে অনাড়ম্বর পরিবেশে বিদায় অনুষ্ঠান আয়োজন করার বিষয়ে সদয় সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে খুব শীঘ্রই একটি বিদায় সম্বর্ধনা অনুষ্ঠান আয়োজন করা হবে। অবসরপ্রাপ্ত কর্মকতা-কর্মচারীর spouse গণকে উক্ত অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৭. | APA এ বাস্তবায়ন | সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ফোকাল পয়েন্ট ) ২০২২-২৩ অর্থবছরের APA সম্পর্কিত তথ্যাদি উপস্থাপন করেন। তিনি জানান, গত অর্থবছরের APA এর মূল্যায়ন প্রতিবেদন সম্পর্কিত অগ্রগতি মন্ত্রণালয় হতে পাওয়া যায়নি। | NIS, RTI, GRS, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনার লক্ষমাত্রা অনুযায়ী যথাসময়ে সভা আয়োজন, প্রশিক্ষণ, কর্মশালা/সেমিনার, স্টেকহোল্ডার কর্মশালা, শোকেসিং ইত্যাদি যথাসময়ে সম্পাদন করার জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে ব্যবস্থা | সংশ্লিষ্ট কর্মকর্তা |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td></td><td>এছাড়াও APA এ সংশ্লিষ্ট নিম্নরূপ বিষয়ে আলোচনা হয়:<br>* জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস)<br>* তথ্য অধিকার (আরটিআই)<br>* অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস)<br>* সেবা প্রদান প্রতিশ্রুতি<br>* ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত</td><td>গ্রহণ করবেন এবং এক্ষেত্রে প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৮.</td><td>কল্যাণ বোর্ডের উল্লেখযোগ্য কার্যক্রম</td><td>কল্যাণ বোর্ডের উল্লেখযোগ্য কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। তন্মধ্যে উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের মাসভিত্তিক তথ্যাদি মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে থাকা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সেপ্রক্ষিতে জুলাই, ২০২৩ এর অগ্রগতিসহ প্রতি মাসিক সমন্বয় সভায় বোর্ডের উল্লেখযোগ্য কার্যক্রমের আপডেট তথ্যাদি উপস্থাপন করতে হবে মর্মে নির্দেশনা দেয়া হয়।</td><td>প্রতি মাসিক সমন্বয় সভায় বোর্ডের উল্লেখযোগ্য কার্যক্রমের আপডেট তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br><br>এরই ধারাবাহিকতায় জুলাই, ২০২৩ এর বোর্ডের কার্যক্রমের উল্লেখযোগ্য তথ্যাদি নিম্নরূপ উপস্থাপন করা হলো:<br>
<table>
<tr><th>ক্রম</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১.</td><td>লাশ পরিবহন ও দাফন খরচ (৩৫ হাজার টাকা)</td><td>৩৯১</td></tr>
<tr><td>২.</td><td>আর্থিক অনুদান (০৩ লক্ষ টাকা)</td><td>৪১৫</td></tr>
<tr><td>৩.</td><td>আহত ও অসুস্থ কর্মীর চিকিৎসার্থে আর্থিক সহায়তা (সর্বোচ্চ ০১ লক্ষ টাকা)</td><td>৪২</td></tr>
<tr><td>৪.</td><td>মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ইন্স্যুরেন্স/বকেয়া বেতন ওয়রিশদের নিকট বিতরণ</td><td>১৫০</td></tr>
<tr><td>৫.</td><td>বিদেশগামী কর্মীদের বীমার আওতায় আনয়ন</td><td>১,২৫,৮৫০</td></tr>
<tr><td>৬.</td><td>বিদেশগামী কর্মীদের বিমার দাবী</td><td>৪৭</td></tr>
<tr><td>৭.</td><td>অনিবন্ধিত ও অনাবাসি বাংলাদেশিদের দূতাবাসের মাধ্যমে বোর্ডের সদস্যপদ প্রদান</td><td>৫৯০৯</td></tr>
<tr><td>৮.</td><td>প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে বিদেশে কর্মরত কর্মীদের তথ্য প্রদান</td><td>১৩,১৬৫</td></tr>
<tr><td>৯.</td><td>বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার</td><td>৩২৪</td></tr>
</table>
<br>বোর্ডের উল্লিখিত সকল কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে।</td><td>সংশ্লিষ্ট কর্মকর্তা</td></tr>
<tr><td>৯.</td><td>বিবিধ</td><td>৯.১ বহির্গমন ছাড়পত্র/মেম্বারশীপ সনদ সংক্রান্ত:<br><br>বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী প্রবাসী কর্মীর অনুকূলে বোর্ড হতে প্রদেয় আর্থিক অনুদানের বিষয়ে আলোচিত হয়। আলোচনায় কর্মী যেদেশে মৃত্যুবরণ করবেন সেদেশের বহির্গমন ছাড়পত্র থাকা কিংবা অন্য কোনো দেশের বহির্গমন ছাড়পত্র থাকার বিষয়ে বিশদ আলোচনা হয়। এ সংক্রান্ত বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসন আইন ২০১৩ এর চতুর্থ অধ্যায় ১৯(১)(২) এ উল্লিখিত বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বহির্গমন ছাড়পত্রবিহীন প্রবাসী কর্মীগণ কল্যাণ বোর্ড হতে প্রদেয় সেবা গ্রহণ করতে পারেননা। উল্লেখ্য, বিদেশে কর্মরত থাকাকালীন সংশ্লিষ্ট দেশের দূতাবাসের মাধ্যমে মেম্বারশীপ সনদ গ্রহণপূর্বক কল্যাণ বোর্ডের সদস্য হয়ে বোর্ডের প্রদেয় সুবিধাদি গ্রহণ করার সুযোগ রয়েছে।<br><br>বর্ণিতাবস্থায়, বহির্গমন ছাড়পত্রবিহীন প্রবাসী কর্মীগণের বিদেশে কর্মরত থাকাবস্থায় মেম্বারশীপ গ্রহণ করে বোর্ডের সদস্যপদ গ্রহণের সুযোগ রয়েছে সে বিবেচনায় কর্মীগণ বহির্গমন ছাড়পত্র নিয়ে যেদেশে গমন করবেন অথবা মেম্বারশীপ গ্রহণকারী কর্মী যেদেশ হতে এ সনদ গ্রহণ করবেন শুধুমাত্র</td><td>প্রবাসী কর্মীর বহির্গমন ছাড়পত্র/মেম্বারশীপ সনদে বর্ণিত দেশে মৃত্যুবরণ করলে বা অসুস্থ হলে শুধুমাত্র তাঁরাই বোর্ড হতে এ সংক্রান্ত প্রদেয় সেবার আওতাভুক্ত হবেন।<br><br>তবে, ০১ সেপ্টেম্বর, ২০২৩ এর পূর্বে চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে শুধুমাত্র এমন নথিসমূহ পূর্ববর্তী নিয়মে পরিচালিত হবে।</td><td>পরিচালক (অর্থ ও কল্যাণ)</td></tr>
</table>

''সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ''

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | সেদেশে মৃত্যুবরণ করলে কিংবা অসুস্থ হলে কল্যাণ বোর্ড হতে এ সংক্রান্ত প্রদেয় সুবিধাদি পাবেন। অর্থাৎ বোর্ডের সেবা প্রাপ্তির ক্ষেত্রে মেম্বারশীপ সনদ/বহির্গমন ছাড়পত্রে উল্লিখিত দেশে মৃত্যুবরণ করলেই বোর্ড হতে প্রদত্ত এ সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন। | | |
| | | **৯.২ ছুটিতে দেশে আসা কর্মীর অনুদান প্রাপ্যতা সংক্রান্ত।**<br><br>ছুটিতে দেশে আসার পর মৃত্যুবরণকারী কর্মীর পরিবারকে ২৯১তম বোর্ড সভায় অনুমোদিত নীতিমালা অনুযায়ী আর্থিক অনুদান প্রদান করা হচ্ছে। কিন্তু ছুটিতে দেশে আসা কর্মীর অনেক সময় ছুটি সংক্রান্ত কোনো প্রমাণক পাওয়া যায়না। এমনকি এ সংক্রান্ত তথ্য জালিয়াতি/অনুকরণের সম্ভাবনা থাকে। সেপ্রক্ষিতে বিভিন্ন ধরনের জটিলতা সৃষ্টি হচ্ছে। তাই এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ এর ধারা ৮(৮) এ "বিদেশে মৃত্যুবরণকারী অভিবাসী কর্মীর মৃত্যু ও পেশাগত কারণে অসুস্থতাজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন, ইন্স্যুরেন্স ও সার্ভিস বেনিফিট আদায়ে সহায়তা এবং নির্ভরশীলদের আর্থিক অনুদান" উল্লেখ রয়েছে। উক্ত ধারা অনুযায়ী বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের সুযোগ রয়েছে। আইনের ধারাটি বিশেষভাবে পর্যালোচনা করে দেখা যায় যে, দেশে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের কোনো সুযোগ নেই। ২৯১তম সভায় অনুমোদিত নীতিমালা অনুযায়ী ছুটিতে দেশে আসা মৃত্যুবরণকারী কর্মীর পরিবারকে প্রদানকৃত আর্থিক অনুদান আইন অনুযায়ী সঠিক নয় মর্মে প্রতীয়মান হওয়ায় বিষয়টি সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় মতামত দেয়া হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন, ২০১৮ এর ধারা ৮(৮) অনুযায়ী বিদেশে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদান করা হবে। দেশে মৃত্যুবরণকারী কর্মীর পরিবারের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না। বিষয়টি সিনিয়র সচিব মহোদয়কে অবহিত করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) |
| | | **৯.৩ D-নথি বিষয়:** | D-নথিতে পেন্ডিং নথিসমূহ নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং D-নথি ব্যবস্থাপনায় কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | পরিচালক (আইআরপি) ও সিস্টেম এনালিস্ট (সিস্টেম এডমিনিস্ট্রেটর) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।